**নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd


ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল |

এই সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design, ভূমি অধিগ্রহণ এবং দরপত্র প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান আছে। **কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।** ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর বিভিন্ন Survey, Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study, বিভিন্ন সার্ভে ও Basic Design এর কাজ চলছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Preliminary Study চলমান আছে। ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের সার্বিক গড় অগ্রগতি **৭২.৯৯%**। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৮৯.৮৮%**। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৭১.৮২%**। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৬৮.৮০%**। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত অংশীজনসভা, Social Study, Household Survey, Land Acquisition Plan (LAP), Resettlement Acton Plan (RAP), Environment

Impact Assessment (EIA) এবং Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design ও ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে ৩৬টি অবকাঠামোর নির্মাণ কাজ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। ডিপো এলাকার অবশিষ্ট কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৯৬.৭৫%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং, পিয়ার হেড, ভায়াডাক্ট, ভায়াডাক্টের উপর প্যারাপেট ওয়াল স্থাপন, Long Span Balanced Cantilever নির্মাণ, সকল স্টেশনের Sub-structure, Concourse ছাদ, Platform ছাদ এবং Steel Roof Structure নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০ ও আগারগাঁও স্টেশনসমূহের Roof Sheet স্থাপন সম্পন্ন হয়েছে এবং উত্তরা সেন্টার, কাজীপাড়া ও শেওড়াপাড়া স্টেশনের Roof Sheet স্থাপন চলমান আছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ০৯টি স্টেশনে Mechanical, Electrical and Plumbing (MEP) এর কাজ এবং এন্ট্রি-এক্সিট স্ট্রাকচার নির্মাণ কাজ চলমান আছে। এই প্যাকেজ দুটির সমন্বিত বাস্তব অগ্রগতি ৮৬.৬৫%।
- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এই অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোর্‌ড পাইল, পাইল ক্যাপ, পিয়ার কলাম, পিয়ার হেড, Portal Beam ও স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট, কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশনত্রয়ের নির্মাণ কাজ চলমান আছে। বিজয় সরণি স্টেশনের কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেল এবং ফার্মগেট স্টেশনের রিটেইল, কনকোর্স ও প্ল্যাটফর্ম লেভেলের স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। কারওয়ান বাজার স্টেশনের সম্পূর্ণ রিটেইল লেভেল স্লাব কাস্টিং, কনকোর্স লেভেলের ডানপাশের সম্পূর্ণ ১৮০ মিটার ও বামপাশের ৪৫ মিটার স্লাব কাস্টিং এবং প্ল্যাটফর্ম লেভেলের ডানপাশের ১৩৫ মিটার স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টি সম্পন্ন হয়েছে এবং অপরটির কাজ অব্যাহত আছে। মোট ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে সকল সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে এবং মোট ৯৪টি Span এর মধ্যে ৮৯টি Span এর Segment Erection সম্পন্ন হয়েছে। মোট ৩২৩৪টি প্যারাপেট ওয়ালের মধ্যে ২৫৮৭টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে এবং স্থাপিত ভায়াডাক্টের ওপর ইতোমধ্যে ২৪৪২টি প্যারাপেট ওয়াল স্থাপন করা হয়েছে। উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৮.৭৫%। ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ২.৯৬৫ কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৭৬.১৮%।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোর্‌ড পাইল, পিয়ার কলাম, পিয়ার হেড, Portal Beam ও ভায়াডাক্টের জন্য প্রিকাস্ট সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপ এবং ১৫৪টি স্টেশন কলামের মধ্যে সকল পাইল ক্যাপ ও স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৪৯৮৬টি প্যারাপেট ওয়ালের মধ্যে ৪৭০৯টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে এবং স্থাপিত ভায়াডাক্টের ওপর ইতোমধ্যে ৩০৮৫টি প্যারাপেট ওয়াল স্থাপন সম্পন্ন হয়েছে। । মোট ১৫১টি Span এর মধ্যে ১৩৭টি Span এর Segment Erection সম্পন্ন হয়েছে। বর্তমানে শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল মেট্রোরেল স্টেশনসমূহের নির্মাণ কাজ চলমান আছে। শাহবাগ স্টেশনের কনকোর্স লেভেলের ডানপাশের ১৮০ মিটার ও প্ল্যাটফর্ম লেভেলের ৪৫ মিটার স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনের ১৮০ মিটার সম্পূর্ণ কনকোর্স লেভেল এবং প্ল্যাটফর্ম লেভেলের স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। বাংলাদেশ সচিবালয় স্টেশনের ডানপাশের ১৩৫ মিটার কনকোর্স

লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। মতিঝিল স্টেশনের ১৮০ মিটার সম্পূর্ণ কনকোর্স লেভেল স্লাব কাস্টিং এবং প্ল্যাটফর্ম লেভেলের ৯০ মিটার স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনে Steel Roof Structure এর নির্মাণ কাজ শুরু হয়েছে। ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ৪.৩৫০ কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বাস্তব অগ্রগতি ৭৬.৯৭%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ শেষ করে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ কাজ চলমান। ডিপো এলাকায় সকল রেল লাইন স্থাপনের কাজ, OCS Mast স্থাপন ও OCS ওয়্যারিং সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ২৫.২৩ ট্র্যাক-কিলোমিটার রেললাইনের Rail Track Plinth Casting এবং রেল ট্র্যাক অ্যালাইনমেন্ট এর কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ২৪.৯৫ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ১৬.১৯ ট্রাক-কিলোমিটার রেললাইনের মধ্যে ১.৫ ট্র্যাক-কিলোমিটার Rail Track Plinth Casting এবং রেল ট্র্যাক অ্যালাইনমেন্ট এর কাজ সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টের ওপর আগারগাঁও পর্যন্ত ট্র্যাকে OCS Mast স্থাপন এবং ৩১.১৩ কিলোমিটার এর মধ্যে ২৯.০০ কিলোমিটার ওয়্যারিং সম্পন্ন হয়েছে। আগারগাঁও হতে বিজয় সরণি পর্যন্ত, কারওয়ান বাজার হতে শাহবাগ পর্যন্ত এবং রাজু চত্বর হতে শাপলা চত্বর পর্যন্ত ভায়াডাক্টের উপর OCS Mast স্থাপনের কাজ শুরু হয়েছে। এই প্যাকেজের  বাস্তব অগ্রগতি ৭৯.২০ %।
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। গত ২৩ এপ্রিল ২০২১ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট, গত ০৩ জুন ২০২১ তারিখ দ্বিতীয় মেট্রো ট্রেন সেট, গত ১৯ আগস্ট ২০২১ তারিখ তৃতীয় মেট্রো ট্রেন সেট, ২০ আগস্ট ২০২১ তারিখ চতুর্থ মেট্রো ট্রেন সেট, ০৭ অক্টোবর ২০২১ তারিখ পঞ্চম মেট্রো ট্রেন সেট, ২৪ অক্টোবর ২০২১ তারিখ ষষ্ঠ মেট্রো ট্রেন সেট এবং ২৫ অক্টোবর ২০২১ তারিখ সপ্তম মেট্রো ট্রেন সেট ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। ১ম ও ২য় মেট্রো ট্রেন সেটের Functional Test এবং অন্যান্য প্রয়োজনীয় কারিগরি পরীক্ষা সম্পন্ন হয়েছে। ৩য় ও ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম ট্রেন সেটসমূহের প্রয়োজনীয় পরীক্ষা চলমান আছে। ভায়াডাক্টের উপর প্রথম মেট্রো ট্রেনের প্রথম চলাচল পরীক্ষণ গত ২৯ আগস্ট ২০২১ তারিখ এবং দ্বিতীয় চলাচল পরীক্ষণ ০৯ অক্টোবর ২০২১ তারিখ সম্পন্ন হয়েছে। গত ২৩ অক্টোবর ২০২১ তারিখ হতে মেট্রো ট্রেন সেটের Performance Test শুরু হয়েছে। গত ২৯ নভেম্বর ২০২১ তারিখ মিরপুর-১০ মেট্রো স্টেশন পর্যন্ত Performance Test করা হয়েছে। এই Test সার্বিকভাবে সম্পন্ন করতে প্রায় ০৬(ছয়) মাসের প্রয়োজন হবে। Performance Test সম্পন্ন হওয়ার পর প্রায় ০৩(তিন) মাসের Integrated Test করা হবে। Integrated Test শেষে ও বাণিজ্যিক চলাচল শুরুর পূর্বে প্রায় ০৫(পাঁচ) মাসের যাত্রীবিহীন Trial Run করা হবে। ৮ম ট্রেন সেট ১২ নভেম্বর ২০২১ তারিখ মোংলা সমুদ্র বন্দরে এসে পৌঁছেছে। মোংলা বন্দরের শুল্ক ও ভ্যাট সম্পর্কিত কার্যাদি শেষে বার্জ যোগে মেট্রো ট্রেন সেটটি নদী পথে ডিসেম্বর ২০২১ মাসের তৃতীয় সপ্তাহে ঢাকার উত্তরাস্থ ডিএমটিসিএল ডিপোতে এসে পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে। ৯ম ও ১০ম ট্রেন সেট ২টি জাপান হতে শিপমেন্টের সম্ভাব্য তারিখ ০১ ডিসেম্বর ২০২১ এবং বাংলাদেশে পৌঁছানোর সম্ভাব্য সময় জানুয়ারি ২০২২ মাসের ৩য় সপ্তাহ। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৬১.৪০%।

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও নদ্দা স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design এর অগ্রগতি ৮৭%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক এল এ কেইস নম্বর ১০/১৯-২০ এর প্রাক্কলন পাওয়া গেছে। প্রাপ্ত প্রাক্কলনের অবশিষ্ট অর্থ ১২০ দিনের মধ্যে পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে। এই লক্ষ্যে প্রস্তাব প্রক্রিয়াধীন আছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৮৮%। প্রকল্পের নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Expression of Interest (EOI) গত ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে আহ্বান করা

হয়। EOI মুল্যায়নপূর্বক সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত (Short Listed) আবেদনকারীদের বরাবর গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ Request for Proposal (RFP) প্রেরণ করা হয় এবং ৩০ নভেম্বর ২০২১ তারিখ RFP উন্মুক্ত করা হয়েছে। পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়নের নিমিত্ত গত ১০ জুন ২০২১ তারিখ Contract Package-01 (CP-01)-এর দরপত্র আহ্বান করা হয় এবং ০৬ অক্টোবর ২০২১ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত দাখিলকৃত দরপত্রসমূহ মূল্যায়ন করে JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। গত ১৬ আগস্ট ২০২১ তারিখ প্রকল্পের প্যাকেজ CP-05 ও CP-06, গত ৩১ আগস্ট ২০২১ তারিখ প্যাকেজ CP-04 এবং গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্যাকেজ CP-12 এর প্রাক-যোগ্যতার দলিলাদি (Prequalification Documents) JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।

### MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে, Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। Detailed Design এর অগ্রগতি ২৪.৫৭%। ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় প্রথম পর্যায় ৪০.১৮২২ হেক্টর ভূমি অধিগ্রহণের নিমিত্ত ৪ ধারার নোটিশ জারী করা হয়েছে। গত ১১ আগস্ট ২০২১ তারিখ যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসকের নিকট উত্থাপিত আপত্তিসমূহের নিষ্পত্তির জন্য শুনানী সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসন কর্তৃক গত ২৮ নভেম্বর ২০২১ তারিখ সংশ্লিষ্ট জমির মালিকদের জন্য ফিল্ড বুক গণবিজ্ঞপ্তি আকারে প্রকাশ করেছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ২৯.৫৫%।

### MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study, বিভিন্ন ধরণের সার্ভে ও Basic Design এর কাজ চলমান রয়েছে। Feasibility Study'র অগ্রগতি ৩১% এবং Basic Design কাজের অগ্রগতি ৩৩%।

### MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্ল্যাটফর্ম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্ল্যাটফর্ম সভা, ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্ল্যাটফর্ম সভা এবং ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ চতুর্থ প্ল্যাটফর্ম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন করে গত মার্চ ২০২০ মাসে প্রতিবেদন দাখিল করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি করছে। প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৬২.০০%। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভূক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে।

### MRT Line-4

২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।